গাংনীতে অগ্নিকান্ডে ১০টি ছাগলের মৃত্যু, প্রাণে বাঁচলেন গৃহকত্রী

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ১০টি ছাগলের মৃত্যু হয়েছে।
মঙ্গলবার রাত ৯টার দিকে রাধাগোবিন্দপুর ধলা গ্রামের মৃত সানোয়ার হোসেনের ছেলে মনিরুল ইসলামের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে।
গৃহকর্তা মনিরুল ইসলাম জানান,রাতে ঘরে ঘুমোনার জন্য প্রস্তুতি নিচ্ছিলাম। আমার শোবার ঘরের পাশেই মায়ের ঘর। মা ও ঘুমানোর প্রস্তুতি নিচ্ছিলেন। রাত ৯টার দিকে মায়ের ঘরের বিদ্যুতের লাইন সর্ট সার্কিট থেকে আগুন জ্বলে ওঠে। মা হাসিনা খাতুন দৌড়ে ঘর থেকে বেরিয়ে প্রাণে বাঁচেন। এসময় পাশে ছাগল ঘরে আগুন ছড়িয়ে পড়লে সাথ সাথে ১০টি ছাগল পুড়ে ছাই হয়ে যায়।
খবর পেয়ে কাথুলী বিজিবি ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে মায়ের ঘরে এক আত্মীয়ের রাখা ২ লাখ ১৩ হাজার ৫ টাকা উদ্ধার করে বিজিবি সদস্যরা।
- গাংনী প্রতিনিধি

ভারতে অনুষ্ঠিত মার্শাল আর্ট এ স্বর্ণ পদক পেলেন মেহেরপুরের হুসাইন

ভারতে অনুষ্ঠিত বুম ওপেন এশিয়া এমেচার মিক্সড মার্শাল আর্ট চ্যাম্পিয়ন শিপএ ৫৭ কেজি ওজন বিভাগে মিক্সড মার্শাল আর্ট এ স্বর্ন পদক লাভ করেছে মেহেরপুরের গাংনীর হুসাইন কবির। হুসাইন কবির উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের মোঃ হায়দার আলির ছেলে।

ওপেন এশিয়া এমেচার মিক্সড মার্শাল আর্ট চ্যাম্পিয়ন শিপ বাংলাদেশ দল থেকে তিনি অংশ নেন।

টুর্নামেন্টে স্বর্ন জয়ী হুসাইন কবিরের সাথে তার শিক্ষক রাজন হালদার লিটন,প্রশিক্ষকের দায়িত্বে ছিলেন হাবিব পারভেজ এবং দলিয় টিম ম্যানেজার ছিলেন আবিদ হাসান তানভীর।
- গাংনী প্রতিনিধি

মুজিবনগরের ভ্রাম্যমাণ আদালতে গাঁজা সেবনকারীর কারাদণ্ড

মুজিবনগরে গাঁজা সেবন করার অপরাধে মহাসিন ফকির (৬০) নামের এক সেবনকারীকে কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার সকাল সাড়ে আটটার দিকে মহাজনপুর গ্রামের তার নিজ বাড়িতে থেকে আটক করার পর ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সাজা দেওয়া হয়।

মহাসিন ফকির একই উপজেলা মহাজনপুর উত্তরপাড়ার মৃত আজগর আলি বিশ্বাসের ছেলে। ভ্রাম্যমাণ পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার ওসমান গনি।

উপজেলা নির্বাহি অফিসার জানান, গাঁজাসহ আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার অপরাধ স্বীকার করায় ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ডাদেশ ও ১ হাজার টাকা জরিমানা করা হয়। এর আগে মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল অভিযান পরিচালনা করে তাকে আটক করে।
-মুজিবনগর অফিস

মুজিবনগর কোমরপুরে আওয়ামীলীগ নেতা-কর্মির উপর হামলা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু সহ ৪ আওয়ামীলীগ নেতার উপর হামলা চালিয়েছে ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু সমর্থিত নেতাকর্মীরা।

আজ মঙ্গলবার সন্ধ্যায় উপজেলার কোমরপুর বাজারে আবু বক্কর এর কাপড়ের দোকানে ঘটনা ঘটে।

হামলার শিকার আব্দুর রশিদ বল্টু বলেন, আমি সহ মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান নান্নু’র নেতৃত্বে বিজয় দিবস উপলক্ষে নেতা কর্মিদের সাথে নিয়ে মুজিবনগরে ফুল দিতে যায়। ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সাথে না যাওয়ায় সে ক্ষোভ প্রকাশ করে। এছাড়াও সম্প্রতি মিলু চেয়ারম্যান এর পিতা আমিনুল ইসলাম এর নাম রাজাকারের তালিকায় প্রকাশ পাই। এই সংবাদ এলাকায় প্রচার হওয়াতে আমাদের উপর দেখে নেওয়ার হুমকি দেয় মিলু সমর্থিত নেতা সজিব। মঙ্গলবার বিকালে কোমরপুর বাজারে আবু বক্কর এর কাপড়ের দোকানে বসে ছিলাম। এমন সময় সজিব এর নেতৃত্বে মাবুদ, মাদার, অন্তর, মজনু, অনিক, মোস্তফা, কালু মেম্বর সহ আরও কয়েকজন এসে আমাদের উপর হামলা চালায়।

মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগ এর সভাপতি রেজাউর রহমান নান্নু বলেন, আমাম হোসেন মিলুর পিতা আমিনুল ইসলাম ছিল রাজাকার। তার নাম রাজাকারের তালিকায় প্রকাশ পাই। এই তালিকা স্থানীয় কিছু আওয়মীলীগ নেতা ফটোকপি করে এলাকায় বিলি করে। এতে চেয়ারম্যান আমাদের উপর অনেক ক্ষেপে যায়। এছাড়াও বিজয় দিবস পালনে আমাদের নেতৃত্বে শতশত নেতা কর্মিরা মুজিবনগরে ফুল দিতে যায়। এজন্য মিলু চেয়ারম্যান আরও ক্ষেপে যায়। মঙ্গলবার সন্ধার সময় সেই রাগের প্রতিশোধ নিতে গিয়ে মিলুর সমর্থিত কয়েকজন এসে আব্দুর রশিদ বল্টু সহ বেশ কয়েকজন নেতার উপর হামলা চালায়।

উপজেলা চেয়ারম্যান জীয়া উদ্দিন বিশ্বাস বলেন, কোমরপুরে মারামারির ঘটনা আমি শুনেছি। মিলু চেয়ারম্যান এর নেতৃত্বে সাধারণ সম্পাদক আব্দুর রশিদ সহ নেতা কর্মিদের মারধর করা হয়েছে।

এ বিষয়ে ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু বলেন, কোমরপুরে একটু গন্ডগোলের ঘটনা হয়েছে। মিমাংশা করার চেষ্টা চলছে। ওরা যদি মামলা করতে চাই করবে। পিতার নাম রাজাকারের তালিকায় আশা প্রসঙ্গে তিনি বলেন, প্রতিপক্ষের ষড়যন্ত্রে তার নাম এসেছে। আপনারা আমাদের গ্রামে গিয়ে যাচাই করে দেখেন। যদি কেউ রাজাকার বলে তাহলে আমি মেনে নেবো।

মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম বলেন, মারামারির ঘটনা শুনে আমরা ঘটনাস্থলে যায়। সেখানের পরিস্থিতি এখন আমাদের নিয়ন্ত্রনে। আর কোন অপ্রিতিকর ঘটনা ঘটার কোন সম্ভাবনা নেই। এঘটনায় কেউ আটক হয়নি। তবে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেবো।

- নিজস্ব প্রতিনিধি

মুজিববর্ষের ক্ষণগণনার ডিজিটাল ঘড়ি বসবে মুজিবনগর আম্রকাননে

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে মুজিববর্ষের ক্ষণগননা জন্য স্থান নির্ধারণ করা হয়েছে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া ও মেহেরপুরের মুজিবনগর আম্রকানন। আগামী ১০ জানুয়ারি থেকে শুরু হবে এই কাউন্টডাউন। বসানা হবে যুক্তরাজ্য থেকে আনা ডিজিটাল ঘড়ি। মুজিববর্ষ উদযাপন কমিটির প্রধান সমন্বয়ক কামাল আব্দুল নাসের সাংবাদিকদের সাথে মতবিনিময়ে একথা জানান। গত ৪ ডিসেম্বর বুধবার বিকেলে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউশন মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয়, বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিন, ক্ষণ ও সময়কে কাউন্টডাউনের আওতায় আনার জন্য ব্রিটিশ রয়েল এয়ারওয়েজের প্লেন ভাড়া করে যুক্তরাজ্য থেকে নয়া দিল্লি হয়ে ডিজিটাল ঘড়ি ঢাকায় আনা, ডিজিটাল ঘড়ির পাশাপাশি সমুদ্র সৈকতে বিশালাকৃতির বালুঘড়ি তৈরি করা, কাউন্টডাউনের ৫৫ দিনব্যাপী হাতিরঝিলের ভাসমান মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ নানা ধরনের মতামত আসে সিনিয়র সাংবাদিকদের কাছ থেকে।

উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. রফিকুল ইসলাম বলেন, ‘আমাদের মনে রাখতে হবে, মুজিববর্ষের মূল আয়োজন শুরু হবে ১৭ মার্চ থেকে। ওই দিন থেকে পুরো একবছর চলবে এ আয়োজন। আমরা যদি কাউন্টডাউন করতে গিয়ে সব শক্তি ক্ষয় করে ফেলি, তাহলে মূল আয়োজনের সময় শক্তি খুঁজে পাব না। সুতরাং কাউন্টডাউনের আয়োজনকে মহড়া হিসেবে নিয়ে মূল আয়োজনের জন্য আমাদের প্রস্তুত হতে হবে।’

ওয়াজ শুনতে এসে ইসলাম গ্রহণ করলেন চুয়াডাঙ্গায় কলেজ ছাত্র

মুসলমানদের আচার-ব্যবহার, ধর্মীয় রীতিনীতি ও সংস্কৃতিতে অনুপ্রাণিত হয়ে স্বেচ্ছায় ও স্বজ্ঞানে সনাতন ধর্ম ছেড়ে ইসলাম ধর্ম গ্রহণ করেছেন চুয়াডাঙ্গার এক কলেজছাত্র।

সোমবার রাতে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার পাঁচকমলাপুর দারুল উলুম হাফেজিয়া কওমিয়া মাদ্রাসার ১৩তম ঐতিহাসিক তাফসিরুল কোরআন মাহফিলে কালেমা পড়ে তিনি মুসলমান হন।

এদিন মাহফিলের আলোচনা শেষে উপস্থিত লাখ লাখ মানুষের সঙ্গে পবিত্র কালেমা পড়েন রনি কুমার দাস। শায়খ মিজানুর রহমান আজহারী তাকে পবিত্র কালেমা পাঠ করান।

পরে তার নাম রাখা হয়েছে আব্দুর রহমান। তার বাড়ি চুয়াডাঙ্গা সদর উপজেলার সরোজগঞ্জে। তার বাবার নাম খোকা কুমার দাস। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজের স্নাতক শ্রেণির দর্শন বিভাগের ছাত্র।

এসময় লক্ষ লক্ষ জনতার সামনে আব্দুর রহমান জানান, ইউটিউবে ইসলামী বক্তা মিজানুর রহমান আজহারীর ওয়াজ শুনে অনুপ্রাণিত হয়ে ইসলামের ছায়াতলে আসার সিদ্ধান্ত নেন।

কালেমা পড়ার আগে আব্দুর রহমান আরও বলেন, মানুষ হিসেবে জন্মগ্রহণ করার পর থেকে প্রতিটা মানুষেরই উচিৎ সঠিক পথে চলা। আমি এতদিন অনেক ধর্ম দেখেছি, বিভিন্ন বই পড়েছি। তবে আমার সব থেকে ভালো

লেগেছে মহাগ্রন্থ কোরআন শরীফ, যার ভুল আজও পর্যন্ত কোনো বিজ্ঞানী ধরতে পারেননি।

“আমি ভেবেছিলাম লেখাপড়া করে আগে নিজে প্রতিষ্ঠিত হবো, তারপর মুসলিম হবো কিন্তু পরে ভাবলাম তার আগে যদি আমার মৃত্যু হয়ে যায় তাহলে তো মুসলিম হয়ে মরতে পারব না। এ জন্য আজকেই শান্তির ধর্ম ইসলাম গ্রহণ করতে চলে এসেছি।

পরে তিনি জানান খুব শিগগিরই আদালতে গিয়ে এফিডেভিট করে ধর্মান্তরিত হবেন।এসময় সদ্য মুসলিম হওয়া নবমুসলিমকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন চুয়াডাঙ্গার কৃতী সন্তান বিশিষ্ট সমাজসেবক আলহাজ্ব সাহিদুজ্জামান টরিকসহ উপস্থিত শত শত মানুষ। পরে তাৎক্ষণিক আব্দুর রহমানকে আর্থিক সহায়তাও করেন অনেকে।

গাংনীতে শিশু যৌণ পীড়নের অভিযোগে সৎ বাবা গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীতে শিশুর যৌণ পীড়নের অভিযোগে সৎ পিতা আবু তাহের (৪০)কে গ্রেপ্তার করেছে পুলিশ।
গতকাল সোমবার রাতে গাংনী থানা পুলিশের একটি টীম আবু তাহেরকে গ্রেপ্তার করে।
আজ মঙ্গলবার সকালে তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে। আবু তাহের গাংনীর ধানখোলা গ্রামের মৃত সামসুল ইসলামের ছেলে।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আবু তাহের তার দ্বিতীয় স্ত্রীর শিশু কন্যাকে একা পেয়ে যৌণ নিপীড়ন করে। শিশুটির চিৎকারে তার মা এগিয়ে আসলে বাড়ি থেকে পালিয়ে যায় তাহের। এ বিষয়ে শিশুটির মা বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। পরে পুলিশ গোপন সংবাদে আবু তাহেরের অবস্থান নিশ্চিত হয়ে তাকে গ্রেপ্তার করে।
- নিজস্ব প্রতিনিধি

শ্রেষ্ঠ শিক্ষক-শিক্ষিকার তালিকা প্রকাশ করেছে মেহেরপুরে প্রাথমিক শিক্ষা অফিস

মেহেরপুর সদর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক /শিক্ষিকা, বিদ্যালয়, ব্যক্তি, প্রতিষ্ঠান, কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা প্রকাশ করা হয়েছে।
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফজলে রহমান এ তালিকা প্রকাশ করেন। এতে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক(পুরুষ) সদর উপজেলার গৌভীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল আরেফিন, শ্রেষ্ঠ প্রধান (মহিলা) গাড়াডোব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তোরিফা নাজমিনা, সহকারি শিক্ষক(পুরুষ) কথুলী সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক আসিফ আহমেদ, (মহিলা) মেহেরপুর বিএম মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক মোবিনা খানম, শ্রেষ্ঠ প্রাথমিক বিদ্যালয় বুড়িপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ এসএমসি দারিয়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এসএমসি মুস্তাকিম হক খোকন, শ্রেষ্ঠ বিদ্যোৎসাহী সমাজকর্মী কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রান, শ্রেষ্ঠ কাব শিক্ষক আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাব শিক্ষক ফারুক হোসেন,শ্রেষ্ঠ কর্মচারী মেহেরপুর সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের কম্পিউটার অপারেটর ওমর ফারুক, শ্রেষ্ঠ উপজেলা সহকারী শিক্ষা প্রাথমিক শিক্ষা অফিসার গাংনী উপজেলা সরকারি প্রাথমিক শিক্ষা অফিসার এহসানুল হাবিব, শ্রেষ্ঠ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মেহেরপুর সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আফিল উদ্দিন, শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী কর্মকর্তা মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ মাসুদুল আলম, শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক এবং ঝরে পড়ার হার উল্লেখযোগ্য হারে কমাতে সক্ষম হয়েছেন এমন ধরনের বিদ্যালয় মুজিবনগর উপজেলার ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ।

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালেয়ে বিজয় দিবস উদযাপন

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালেয়ে বিজয় দিবস উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান।

পরে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শোলমারী গ্রারামের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় বিদ্যালয়ে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আলিম , ফারুক হোসেন , আফরোজা সুলতানা , মমতাজ পারভিন , আব্দুল জাব্বার , মর্তুজা ফারুক রুপক , রিপন আলী প্রমুখ।

-নিজস্ব প্রতিনিধি

খোকসায় “আলোর পথে আমরা” সংগঠনের উদ্যোগে বিজয় দিবস উদযাপন ও কার্যালয় উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে “ আলোর পথে আমরা ” সংগঠনের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপন ও সংগঠনের নিজস্ব কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকেলে সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিৎ থেকে কার্যালয় উদ্বোধন করেন ও

প্রতিযোগিদের মাঝে পুরুস্কার বিতরণ করেন।
এর আগে বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে সংগঠনটির উদ্যোগে একটি র্যালী বের করা হয়। পরে বিভিন্ন শাখায় প্রতিযোগিতা অনুষ্ঠিক হয়।

এ সময় প্রধান আলোচকের বক্তব্য রাখেন, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ বোরহান উদ্দীন (চুন্নু),বিশেষ অতিথি বক্তব্য রাখেন,ইউপি সদস্য মোঃ আমিল উদ্দীন প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন,মোঃ জি,এস জুয়েল। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, “আলোর পথে আমরা” সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোঃ আরিফুল ইসলাম।
অনুষ্ঠান পরিচালনায় ছিলেন মোঃ সাকিল আহাম্মেদ ও মোঃ সাজিবুল ইসলাম এবং উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের সকল সদস্য ও সকল উপদেষ্টা মন্ডলী।
নিজস্ব প্রতিনিধি